১৬

ভোরের কাগজ

তারিখ AUG 1 4 1999

পৃষ্ঠা ২ কলাম ৬

# বাউবির এসএসসির ফল পুনঃনিরীক্ষণের দাবি করেছে পরীক্ষার্থীরা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবির) এসএসসি পরীক্ষার ফল পুনঃনিরীক্ষণ করে আগামী ১৯ আগস্টের মধ্যে প্রকাশের দাবি জানিয়েছে বাউবির ছাত্রছাত্রীরা।

গতকাল বাউবির সকল টিউটোরিয়াল কেন্দ্রের ফলাফল প্রকাশিত হওয়ার পর ছাত্রছাত্রীদের উদ্যোগে আয়োজিত এক সমাবেশে এ দাবি জানানো হয়।

সমাবেশে বাউবির কেন্দ্রীয় ছাত্রঐক্য পরিষদের সভাপতি হাবিবুর রহমান হাবিব বলেন, 'এ প্রহসনমূলক ফলাফল বাউবির ছাত্রছাত্রীরা মানতে পারে না।' আগামী ১৯ আগস্টের মধ্যে এসএসসি পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণ করে প্রকাশ না করলে ২[illegible] আগস্ট থেকে বাউবির সকল স্কুল-কলেজ বন্ধ থাকবে বলে সমাবেশে বক্তারা ঘোষণা দেন।